

এবিইএ'র অভিব্যেক ও বর্ষবরণ
প্রবাসী ইঞ্জিনিয়ারদের দেশের
কল্যাণে আত্মনিয়োগের সংকল্প



ঠিকানা
রিপোর্টঃ
বাংলাদেশের
স্বাধীনতা যুদ্ধের
একজন
মুক্তিযোদ্ধাকে
এওয়ার্ড
প্রদানের
মাধ্যমে প্রবাসী
ইঞ্জিনিয়ারগণ
প্রিয় মাতৃভূমির

কল্যাণে নবউদ্যমে আত্মনিয়োগের সংকল্প
ব্যক্ত করলেন ২৭ এপ্রিল নিউইয়র্কে
ইঞ্জিনিয়ারদের সমাবেশ (বাকী ৯৮ পাতায়)

ঠিকানা

প্রবাসী ইঞ্জিনিয়ারদের দেশের কল্যাণে আত্মনিয়োগের সংকল্প



নিউইয়র্ক : অভিব্যেক অনুষ্ঠানে শপথ নিচ্ছেন ইঞ্জিনিয়ার এসোসিয়েশনের কর্মকর্তাবৃন্দ। ছবি- ঠিকানা।



নিউইয়র্ক : স্বাধীনতা যুদ্ধে বীরত্বপূর্ণ ভূমিকার জন্য মুক্তিযোদ্ধা-রাষ্ট্রদূত হুমায়ুন কবিরকে
আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্টসের এওয়ার্ড প্রদান করা
হয়। ছবি- ঠিকানা।

(শেষের পাতার পর)
থেকে। আমেরিকান এসোসিয়েশন অব
বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্টস
(এবিইএ)কর্তৃক অভিব্যেক এবং বাংলা
বর্ষবরণের এ সমাবেশ অনুষ্ঠিত হয় জ্যাকসন
হাইটস সংলগ্ন ঢাকা ক্লাবের মিলনায়তনে।
প্রধান অতিথি ছিলেন ওয়াশিংটনে
বাংলাদেশের রাষ্ট্রদূত হুমায়ুন কবির।
অনুষ্ঠানে বিপুল করতালির মধ্যে মুক্তিযোদ্ধা
রাষ্ট্রদূত হুমায়ুন কবিরকে এসোসিয়েশনের
পক্ষ থেকে এওয়ার্ড হস্তান্তর করেন
এসোসিয়েশনের সভাপতি এনাম হক। এ

সময় কমিউনিটি সার্ভিসের জন্য নিউইয়র্কের
বাংলাদেশ কন্সাল জেনারেল মোহাম্মদ
শামসুল হককেও একটি সম্মাননা প্রদান
করা হয়। এওয়ার্ড গ্রহণের পর রাষ্ট্রদূত
হুমায়ুন কবির বলেন, আমেরিকায় বিভিন্ন
সেক্টরে বাংলাদেশী প্রকৌশলী এবং
স্বপ্নভিত্তিকের সুনাম ছড়িয়ে পড়েছে। উক্ত
পর্যায়ের কর্মকর্তারা প্রতিশ্রুতি তাদের
প্রশংসা করেন। প্রবাসী ইঞ্জিনিয়ারগণের এই
মুখো এবং আমাদের সামগ্রিক প্রচেষ্টা আর
প্রযুক্তির সমন্বয় ঘটানো সম্ভব হলে মধ্য
আয়ের যে বাংলাদেশের স্বপ্ন আমরা দেখি

তার বাস্তবায়ন কঠিন হবে না। তিনি
বলেন, বাংলাদেশ গরিব হলেও তার
সন্তানদের মেধা অতুলনীয়-যার প্রমাণ
রয়েছে ভূরি ভূরি। রাষ্ট্রদূত বলেন,
আমাদের সকলের সম্মিলিত প্রয়াসই পারে
কেবলমাত্র বাংলাদেশের ভাগ্য উন্নয়ন
ঘটাতে। তিনি প্রবাসীদের রেমিটেন্সের
প্রশংসা করে বলেন, রেমিটেন্সের
পাশাপাশি স্থায়ী বিনিয়োগ করতে হবে
অধিক পরিমাণে। তিনি বলেন,
আমেরিকায় বসবাসরত বিভিন্ন শ্রেণী ও
পেশার বাংলাদেশীদের তথ্য সংগ্রহ করা
হচ্ছে স্থায়ী নেটওয়ার্ক রচনার জন্যে।
পারাম্পরিক সহযোগিতার দিগন্ত যত সূচ্য
হবে তত সুবিধা হবে দেশের কল্যাণে
সম্মিলিতভাবে কাজের। তিনি বলেন,
সবচেয়ে ভালো এবং উদ্দেশ্যপূর্ণ কাজ
করছেন ইঞ্জিনিয়ারগণ। এছাড়া নবাগত
এবং আমেরিকাতেও যারা সদ্য পাশ
করছেন তাদের পথপ্রদর্শক হিসেবেও এ
এসোসিয়েশনের ভূমিকা অপরিহার্য।
নবাগতদেরকে পেশাগত এবং সামাজিক
প্রক্রিয়ার সম্পৃক্ত করতে অসাধারণ
দায়িত্বটি এ সংগঠনের সদস্যরা নিরবে
পালন করে চলেছেন। রাষ্ট্রদূত বলেন,
বাংলাদেশ বর্তমানে বহুমুখী চ্যালেঞ্জের
সম্মুখীন। আধুনিক চিন্তা-চেতনায় বিশ্বাসী
এবং সর্বাধুনিক প্রযুক্তির সাথে ঘনিষ্ঠতা
থাকায় প্রবাসী ইঞ্জিনিয়ারগণ গুরুত্বপূর্ণ
পাটনার হতে পারেন স্বদেশের চ্যালেঞ্জ
মোকাবেলায়। এ অনুষ্ঠানে বিশেষ অতিথির
বক্তব্যে কন্সাল জেনারেল মোহাম্মদ
শামসুল হক বলেছেন, জ্ঞানের বিপ্লব সাধন
ব্যতিরেকে দেশমাতৃকার কল্যাণকে
দুরাশিত করা সম্ভব হবে না। প্রবাসী
প্রকৌশলীও স্বপ্নভিত্তিককে নিত্য নতুন
উদ্ভাবনীতে বাংলাদেশকেও সহায়তা করতে
হবে। কন্সাল জেনারেল বলেন, সাম্প্রতিক
যুগ্মিখিত্ব সিদ্ধর এবং তার আগে বন্যায়
ক্ষতিগ্রস্ত বাংলাদেশের পাশে দাঁড়াতে এই

এসোসিয়েশনের সদস্যরা সামান্যতম কার্পণ্য
করেননি। তারা নগদ অর্থও দিয়েছেন প্রধান
উপদেষ্টার আণ তহবিলে।
ইঞ্জিনিয়ার এসোসিয়েশনের নতুন কমিটির
কর্মকর্তাদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়
সংগঠনের বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান
আলী আশরাফ মাসুদ মিয়া'র নেতৃত্বে। নতুন
কমিটির কর্মকর্তারা হলেন এনাম হক-
সভাপতি, সদরুল হাসান-নির্বাচিত
সভাপতি, মোঃ সিদ্দিকুর রহমান-
সেক্রেটারী, সানিউল হক-কোষাধ্যক্ষ, এম
এ হাই-সাংস্কৃতিক সম্পাদক, বাবুল
কোরেনী-প্রচার সম্পাদক, নির্বাহী সদস্যরা

হলেন শামস আইয়ুব এবং কাজী মৌশতাক
আহমেদ। বোর্ড অব ট্রাস্টির সদস্যরা হলেন
আলী আশরাফ মাসুদ মিয়া, সদরুল
বেগম, নাঈম গণী, এম এ রহিম এবং
এনাম হক। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন
অভিব্যেক উদযাপন সাব-কমিটির
চেয়ারম্যান এবং প্রাক্কন সভাপতি এম এ
রহিম।
শাহনাজ বেগম এবং মেহনাজ বেগমের
উপস্থাপনায় আলোচনা সভার পর সাংস্কৃতিক
অনুষ্ঠানে সঙ্গীত পরিষদের শিশু শিল্পী এবং
স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী শহীদ
হাসানসহ স্থানীয় শিল্পীরা অংশ নেন।



নিউইয়র্ক : ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশনের অনুষ্ঠানে সুবছরের শিশুশিল্পীরা। ছবি- ঠিকানা।



নিউইয়র্ক : ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশনের অনুষ্ঠানে দুই উপস্থাপিকা শাহনাজ বেগম এবং
মেহনাজ বেগম। ছবি- ঠিকানা।



নিউইয়র্ক : আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্টসের অভিব্যেক এবং বর্ষবরণ অনুষ্ঠানে সুধীর একাংশ। ছবি- ঠিকানা।



নিউইয়র্ক : আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্টসের অভিব্যেক এবং বর্ষবরণ অনুষ্ঠানে সুধীর একাংশ। ছবি- ঠিকানা।



নিউইয়র্ক : কমিউনিটি সার্ভিসের জন্য নিউইয়র্কে বাংলাদেশের কন্সাল জেনারেল মোঃ শামসুল হককে
আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্টসের এওয়ার্ড প্রদান করা হয়। ২৭
এপ্রিল ঢাকা ক্লাবে এ অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় (খবর শেষের পাতায়)। ছবি-ঠিকানা।